42

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 08 JAN 1994
পৃষ্ঠা ... ৪ ... কলাম ...৩...



## মাননীয় শিক্ষামন্ত্রী ও মাধ্যমিক এবং উচ্চ শিক্ষা অধিদফতর সমীপে

চাঁদপুর জেলার ৬টি শিক্ষা প্রতিষ্ঠানে সরকারী অনুদান দীর্ঘ ৬ মাস যাবত বন্ধ থাকায় সাধারণ শিক্ষক-শিক্ষিকা ও কর্মচারীবৃন্দ মানবেতর জীবনযাপন করছে। বিশ্বস্তসূত্রে জানা যায়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর যার স্মারক নং-৬০২৭/২০ম, ১৭/৬/৯৩ ইং তারিখে এক নির্দেশক্রমে উক্ত ছয়টি বিদ্যালয়— জিলানী চিশতী উচ্চ বিদ্যালয়, উত্তর শাহাতলী জোবাইদা বালিকা উচ্চ বিদ্যালয়, কৃষ্ণপুর জোহরা উচ্চ বালিকা বিদ্যালয়, শালপুর বালধুম উচ্চ বিদ্যালয়, হাইমচর আর, এম, উচ্চ বিদ্যালয়, আমিরাবাদ জি, কে উচ্চ বিদ্যালয়ের সরকারী অনুদান বন্ধের জন্যে উপ-ব্যবস্থাপক, জনতা ব্যাংকে লোকাল অফিসকে নির্দেশ দিয়েছে। এতে গরিব শিক্ষক ও অন্যান্য কর্মচারী অত্যন্ত অসহায় বোধ করছে। কারণ সরকারী অংশের বেতন বেসরকারী বিদ্যালয়ের জীবিকা অর্জনের প্রধান অবলম্বন। বর্তমানে এসব বিদ্যালয়ে করুণ পরিস্থিতি বিরাজ করছে। এভাবে চলতে থাকলে হয়ত অচিরেই বিদ্যালয়গুলো বন্ধ হবার উপক্রম হবে। এতে করে হাজার হাজার ছাত্র-ছাত্রীর ভবিষ্যত অনিশ্চিয়তা দেখা দিতে পারে। বর্তমান সরকারের শিক্ষানুরাগী নীতির প্রতি শ্রদ্ধা জানিয়ে গরিব শিক্ষক-শিক্ষিকা ও কর্মচারীবৃন্দের সরকারী অনুদান ছাড় করানোর জন্য চাঁদপুরবাসীর পক্ষ থেকে জোর দাবি জানাচ্ছি।

**মোস্তফা তালুকদার**
ঢাকাস্থ চাঁদপুর সদর থানা, সমিতি
চাঁদপুর।